

# ডাকসু নির্বাচনের তফসিল ঘোষণা কাল

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ

নির্বাচনের তফসিল আগামীকাল মঙ্গলবার বিকেল ৪টায় ঘোষণা  
করা হবে।

নির্বাচন কমিশনের তরফ থেকে পাঠানো এক বার্তায় এই কথা  
জানানো হয়েছে।

এতে বলা হয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ  
(ডাকসু) ও হল সংসদ নির্বাচন ২০২৫ এর তফসিল আগামীকাল  
মঙ্গলবার বিকাল ৪টায় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট  
ভবনের ২য় তলার কনফারেন্স রুমে ঘোষণা করা হবে।

এর আগে গত ২০ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব  
আলী চৌধুরী সিনেট ভবনে নির্বাচন কমিশনের সঙ্গে নির্বাচনী সব

অংশীজনদের আয়োজিত এক মতবিনিময় সভায় ২৯ জুলাই

নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে বলে জানানো হয়।